দৈনিক বাংলা



ঢাকা বিশ্ববিদ্যালয়ে কোরিয়ান সাংস্কৃতিক দিবস উদযাপিত

করপোরেট ডেস্ক

বাংলাদেশ এবং কোরিয়ার সাংস্কৃতিক বন্ধন আরও জোরদার করার লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ে গতকাল ১৭ রোববার 'কোরিয়ান সাংস্কৃতিক দিবস' উদযাপিত হয়েছে। এ উপলক্ষে বিজনেস স্টাডিজ অনুষদ চত্বরে দিনব্যাপী নানা কর্মসূচি আয়োজন করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এসব কর্মসূচির উদ্বোধন করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় অর্গানাইজেশন স্ট্র্যাটেজি এন্ড লিডারশিপ বিভাগ, আধুনিক ভাষা ইনস্টিটিউট এবং কোরিয়া ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি (কোইকা) বাংলাদেশ যৌথভাবে এই দিবস উদযাপন করে।

ঢাকা বিশ্ববিদ্যালয় অর্গানাইজেশন স্ট্র্যাটেজি এন্ড লিডারশিপ বিভাগের চেয়ারম্যান মো. রাশেদুর রহমানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বাংলাদেশে নিযুক্ত কোইকার কান্ট্রি ডিরেক্টর তাইয়ং কিম, ঢাকা বিশ্ববিদ্যালয় বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. মাহমুদ ওসমান ইমাম, আধুনিক ভাষা ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক মোহাম্মদ আবছার কামাল এবং কোইকা বাংলাদেশ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সদস্য মোছা. নাসিমা বেগম বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী বলেন, এ ধরনের আয়োজনের মধ্য দিয়ে উভয় দেশের সংস্কৃতি ও ঐতিহ্য বিনিময়ের ক্ষেত্র আরও সম্প্রসারিত হবে। তিনি আয়োজকদের ধন্যবাদ জানান।

এই দিবস উপলক্ষে বিজনেস স্টাডিজ অনুষদ চত্বরে বিভিন্ন স্টল স্থাপন করা হয়। এসব স্টলে কোরিয়ান পোশাক, খাদ্য, ক্রীড়া ও সাংস্কৃতিক ঐতিহ্য তুলে ধরা হয়।

The Bangladesh Today



Korean Cultural Day has been observed at Dhaka University yesterday to enhance the cultural bondage between two countries. Photo: Courtesy

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

০৩ ভাদ্র ১৪৩২

DU in Media

18 August 2025

The Daily Observer



Participants celebrating Korean Cultural Day pose for a photograph on Dhaka University campus on Sunday and the KOIKA organised programme aimed at solidifying the cultural relation between Bangladeshis and Koreans. PHOTO: OBSERVER

The Daily Sun

KOICA celebrates Korean Cultural Day at DU

Daily Sun Report, *Dhaka*

The Korea International Cooperation Agency (KOICA) Bangladesh Office celebrated Korean Cultural Day 2025 at the Business Faculty premises of Dhaka University on Sunday.

KOICA organised the event in collaboration with the Institute of Modern Languages, the Department of Organisation Strategy and Leadership, and the DU.

The event, themed "From Hangeul to Hanbok - Celebrate Korea with Every Step", welcomed students, faculty members, World Friends Korea (WFK) volunteers, and members of the KOICA-Bangladesh Alumni Association (KBAA).

The programme showcased a ribbon-cutting ceremony, cultural exhibitions, interactive booths, traditional games, and authentic Korean cuisine, drawing enthusiastic participation from a vibrant audience.

Visitors had the chance to fully immerse themselves in Korean culture, trying on hanbok, writing Hangeul, playing traditional games like ttakji and jegichagi, sampling Korean delicacies such as kimbap and tteokbokki, and exploring vibrant cultural exhibits.

A video interview with a WFK volunteer showcased their experiences and contributions while working in Bangladesh, followed by a lively cultural exchange that engaged and delighted all attendees.

In his speech, KOICA Country Director Jihoon Kim said, "This celebration is not just about showcasing Korean culture, but about strengthening the enduring friendship and jeong, the deep bond of kindness, between Korea and Bangladesh. When cultures meet, new stories of respect and partnership are written."

Prof M Jahangir Alam Chowdhury, Treasurer of the University of Dhaka, said, "The University of Dhaka highly values its partnership with KOICA. Cultural exchange broadens our students' horizons and strengthens ties between our nations, fostering deeper academic and social collaboration."

The event concluded with a heartfelt closing session, leaving participants with lasting memories and a renewed enthusiasm for deepening Korea-Bangladesh ties.

Mentionable, the KOICA Bangladesh Office has deployed over 600 WFK volunteers to more than 100 government institutions across the country since its establishment in 1993.

Edited by Mehedi Hasan

সমকাল

ক্যা|ম্পা|স সং|বা|দ

পোস্টার প্রতিযোগিতা চ্যাম্পিয়ন ঢাকা বিশ্ববিদ্যালয়

■ ক্যাম্পাস ডেস্ক

আন্তঃবিশ্ববিদ্যালয় পোস্টার প্রতিযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) দল 'টিম নেক্সাস' চ্যাম্পিয়ন হয়েছে। এতে প্রথম ও দ্বিতীয় রানার্সআপ হয় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের দল 'টিম ইনসাইট' এবং 'টিম কন্ট্রোল'। সম্প্রতি ঢাবির নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে 'ইন্টার-ইউনিভার্সিটি আইএফআরএস পোস্টার প্রেজেন্টেশন' শীর্ষক এ প্রতিযোগিতার আয়োজন করে ঢাবি অ্যাকাউন্টিং বিভাগ। সকালে এক অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ প্রতিযোগিতা উদ্বোধন করেন। আন্তর্জাতিক আর্থিক প্রতিবেদন মান (আইএফআরএস) সম্পর্কে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি এবং এ বিষয়ে আগ্রহ সৃষ্টির লক্ষ্যে এ প্রতিযোগিতার আয়োজন করা হয়। বাংলাদেশের জাতীয় পেশাদার অ্যাকাউন্ট্যান্সি সংস্থা এবং গবেষণা প্রতিষ্ঠান 'ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএবি)'-এর সহযোগিতায় এ প্রতিযোগিতার আয়োজন করা হয়।



বিজয়ী শিক্ষার্থীদের সঙ্গে অতিথিরা

অ্যাকাউন্টিং বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মো. মাকছুদুর রহমান সরকারের সভাপতিত্বে উদ্বোধন অনুষ্ঠানে আইসিএবির সভাপতি এন কে এ মবিন, বাংলাদেশ ফাইন্যান্স পিএলসির ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মো. কায়সার হামিদ এবং আইসিএবির কাউন্সিল মেম্বার মো. শফিকুল আলম বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। অ্যাকাউন্টিং বিভাগের অধ্যাপক আমিরুস সালাত ধন্যবাদ জানান।

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী বলেন, এ প্রতিযোগিতা শিক্ষার্থীদের তাত্ত্বিক জ্ঞানের সঙ্গে ব্যবহারিক এবং প্রায়োগিক জ্ঞান ও দক্ষতার সমন্বয় সাধনে কার্যকর ভূমিকা রাখবে। এ প্রতিযোগিতায় দেশের সরকারি-বেসরকারি ১৪টি বিশ্ববিদ্যালয়ের ৬৩টি দল অংশ নেয়। ❖